ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৩৩৩
আগরতলা,২১ অক্টোবর,২০২৫

**বিহার বিধানসভা নির্বাচন, ২০২৫: ভোটের আগের দিন ও ভোটের দিনে প্রিন্ট বিজ্ঞাপনের প্রি-সার্টিফিকেশন - এম.সি.এম.সি. কর্তৃক অনুমোদন**

ভারতের নির্বাচন কমিশন বিহার বিধানসভা সাধারণ নির্বাচন, ২০২৫ এবং ৮টি বিধানসভা আসনের উপনির্বাচনের সময়সূচি ঘোষণা করেছে। ভোটগ্রহণের তারিখ নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ৬ নভেম্বর, ২০২৫ (বৃহস্পতিবার) এবং ১১ নভেম্বর, ২০২৫ (মঙ্গলবার)।

স্বচ্ছ প্রচার পরিবেশ নিশ্চিত করার উদ্দেশ্যে, কোনও রাজনৈতিক দল, প্রার্থী, সংস্থা বা ব্যক্তি ভোটের দিন এবং ভোটের আগের দিনে প্রিন্ট মিডিয়ায় কোনও বিজ্ঞাপন প্রকাশ করতে পারবেন না, যদি না সেই বিজ্ঞাপনের বিষয়বস্তু রাজ্য / জেলা স্তরের মিডিয়া সার্টিফিকেশন অ্যান্ড মনিটরিং কমিটি (এম.সি.এম.সি.)-এর দ্বারা পূর্ব-অনুমোদিত হয়।

বিহারের ক্ষেত্রে সীমাবদ্ধ দিনগুলি হলো - প্রথম দফার জন্য: ৫ ও ৬ নভেম্বর, ২০২৫ এবং দ্বিতীয় দফার জন্য: ১০ ও ১১ নভেম্বর, ২০২৫।

প্রিন্ট মিডিয়ায় রাজনৈতিক বিজ্ঞাপনের প্রি-সার্টিফিকেশনের জন্য আবেদনকারীদের প্রস্তাবিত প্রকাশনার তারিখের কমপক্ষে দুই দিন আগে এম.সি.এম.সি.-তে আবেদন করতে হবে।

সময়মতো পূর্ব-অনুমোদন নিশ্চিত করার জন্য, রাজ্য / জেলা স্তরের এম.সি.এম.সি. সক্রিয় করা হয়েছে যাতে তারা এসব বিজ্ঞাপন পর্যালোচনা করে পূর্ব-অনুমোদন দিতে পারে এবং সিদ্ধান্ত দ্রুত গ্রহণ করা যায়। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****